

DeKalb County School District-এর পক্ষ থেকে আপনাদেরকে শুভেচ্ছা,

এই সপ্তাহে আমরা 2020-2021 আর্থিক বর্ষের জন্য বাজেটের বিষয়ে আলোচনা করতে একটি ভার্চুয়াল বোর্ড মিটিং করেছি। তার থেকে বড় কথা হল, ডিস্ট্রিক্ট হিসেবে আমাদের সকলের একসাথে কাজ করা খুবই জরুরী, যাতে শিশু ও আমাদের কর্মীদেরকে সুরক্ষিত রাখার জন্য কিছু কঠিন সিদ্ধান্ত নেওয়া যায়, কারণ তাদেরও পরিবার আছে। আপনাদের বক্তব্য আমি শুনেছি। আপনাদের কল, ইমেল এবং মুখোমুখি আলাপচারিতা কোনও কিছু নজর এড়ায়নি। এই ডিস্ট্রিক্টকে আরও উচ্চতায় নিয়ে যেতে পেরে নিজেকে অত্যন্ত ধন্য মনে হচ্ছে।

এই প্রসঙ্গে, সোমবারের বোর্ড মিটিংয়ের পরে, আমি আমাদের বিভাগীয় প্রধানদেরকে FY21 বাজেটে ক্যালেন্ডার বর্ষ থেকে দিন কমাতে অতিরিক্ত কিছু কাটছাঁট করতে বলেছি। আমরা সকলেই জানি যে খুব স্বল্প কিছু সংশোধন করলেও তা শিক্ষক ও কর্মচারীদের ক্ষেত্রে আকাশপাতাল পার্থক্য আনতে পারে, এবং আমাদের শিক্ষার্থীদের সাফল্যে যে প্রত্যেকেই এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে সেই বিষয়টিকেও আমরা স্বীকৃতি দিই। আমাদের লক্ষ্য হল এমন একটি পরিকল্পনা পেশ করা যাতে আমাদের শিক্ষকদের উপর চাপ কম পড়ে, যারা শিক্ষার্থীদের চাহিদা পূরণে নিরন্তর খেটে চলেছেন।

আনন্দের সাথে জানাচ্ছি, যে খুঁটিয়ে পর্যালোচনা করার পরে আমরা একটি সংশোধিত বাজেট পরিকল্পনা পেশ করছি যাতে মূল্যবোধ ও অগ্রাধিকারের বিষয়গুলি বিবেচনা করা হয়েছে। বাজেটটি অনুমোদিত হয়েছে এবং এতে ডিস্ট্রিক্টের কর্মচারীদের জন্য পাঁচটি ক্যালেন্ডার দিবস কম ধরা হয়েছে। তবে, ডিস্ট্রিক্ট শিক্ষক, অগ্রণী ও সহায়তাকারী কর্মীদের জন্য ডিস্ট্রিক্ট চারদিনের একটি Professional Development Institute-ও প্রদান করবে। ফলস্বরূপ, এই কর্মচারীরা পরের বছরে এক দিন করে কম কর্মদিবস কাজ করবেন। আমাদের টিম যে আপ্রাণ কাজ করে সব সমস্যার কোনও না কোন সমাধান খুঁজতে পেরেছে সেই ব্যাপারে আমি কৃতজ্ঞ, এতে এটিই বোঝা যায় যে আমরা আমাদের শিক্ষক ও স্কুলগুলির কতটা কদর করি।

একসাথে কাজ করার প্রসঙ্গে মনে পড়ল, এই সপ্তাহেই আমরা প্রিয় Rep. John Lewis-কে হারিয়েছি, যিনি চাকরি করার পাশে পাশে সক্রিয় নেতাও ছিলেন যিনি আমাদের একসাথে কাজ করার উপরে সর্বদা জোর দিয়েছেন। আমার টিম এই সপ্তাহে আসা সমস্যাগুলির সামনা করতে প্রস্তুত, এবং Rep. Lewis যেভাবে বলেছেন, “আমি মনে করি, আপনারা যদি কিছু করতে চান, তাহলে আপনারা হাল ছাড়তে পারেন না, নিজেকে নিয়তির হাতে ছাড়তে পারেন না”, এতে আমরাও বিশ্বাস রাখি। অত্যন্ত সম্মানের বিষয় যে DeKalb County School District-এই দেশের প্রথম স্কুলটি রয়েছে যা Rep. Lewis-এর নামে রাখা হয়েছে, সেটি হল John R. Lewis Elementary School।

আমাদের সময়ের এক অন্যতম মহান নেতা Reverend C.T. Vivian-এর জীবনাবসানের কথা না বললে কিছু বাকি রয়ে যাবে। অনিশ্চয়তার সময় আমরা কতটুকুই বা করতে পারি তা শেখা ও জানাই বোধ হয় এই সঙ্কটের মুহূর্তের লক্ষ্য ছিল। আমি জানি যে এগিয়ে চলার সাথে আমাদের টিম প্রতিটি সমস্যা যুঝে দাঁড়ানোর জন্য প্রস্তুত রয়েছে।

শেষে এটাই বলব যে আমি আমাদের অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল ও মুখ্য কাউন্সেলরকে আবার স্বাগত জানাতে চাই, যারা 20 জুলাই থেকে ভার্চুয়ালি কাজ করার জন্য রিপোর্ট করেছেন। ভার্চুয়ালি আমাদের বিদ্যার্থীদেরকে শিক্ষাদান করা ও খেয়াল রাখার পাশাপাশি আপনারা কী কী দারুণ পদক্ষেপ নিচ্ছেন তা দেখার অপেক্ষায় রইলাম। আপনারদের সপ্তাহান্ত দারুণ কাটুক!

আপনার 1 নম্বর চিয়ারলিডার

Cheryl Watson-Harris, সুপারিন্টেন্ডেন্ট